

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৬ মাঘ ১৪২৬/২০ জানুয়ারি ২০২০

নম্বর : ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৩৪—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া বাংলাদেশ সিভিল সার্ভিস (অডিট গ্র্যান্ড একাউন্টস) ক্যাডারের ১৯৮১ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৯ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৩ জানুয়ারি ২০২০ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

২। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব মোশাররফ হোসেন ভূঁইয়াকে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ২৪ পৌষ ১৪২৬/০৮ জানুয়ারি ২০২০ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(১৪৫৯)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

২৪ পৌষ ১৪২৬
ঢাকা : ০৮ জানুয়ারি ২০২০

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া বাংলাদেশ সিভিল সার্ভিস (অডিট এ্যান্ড একাউন্টস) ক্যাডারের ১৯৮১ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৯ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৩ জানুয়ারি ২০২০ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে অডিট এন্ড একাউন্টস বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। পরে তিনি সরকারের উপসচিব, যুগ্ম সচিব এবং অতিরিক্ত সচিব পদে পর্যায়ক্রমে বাণিজ্য মন্ত্রণালয়; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; অর্থ বিভাগ; শিক্ষা মন্ত্রণালয় প্রভৃতি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া ২০১০ সালে তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয়ের সচিব এবং গত ১৬ অক্টোবর ২০১৪ তারিখে শিল্প মন্ত্রণালয়ের সচিব নিযুক্ত হন। অতঃপর তিনি গত ০৩ জানুয়ারি ২০১৮ তারিখে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানের দায়িত্বপ্রাপ্ত হন এবং যোগ্যতা, পারদর্শিতা ও বিচক্ষণতার সঙ্গে অবসর গ্রহণ পর্যন্ত তিনি কাজ করে গেছেন।

জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া শিল্প মন্ত্রণালয় এবং জাতীয় রাজস্ব বিভাগের কর্মপরিবেশে গুণগত পরিবর্তন আনয়নে ভূমিকা রেখেছেন। তাঁর প্রজ্ঞা, নিষ্ঠা ও পেশাদারিত্ব তাঁর কর্মজীবনকে করেছে সফল ও অর্থবহ। একজন স্থিতিধী, প্রাজ্ঞ, বিচক্ষণ ও সৃজনশীল কর্মকর্তা হিসাবে জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া পরবর্তী প্রজন্মের কর্মকর্তাদের নিকট অনুসরণীয় ব্যক্তিত্ব হয়ে থাকবেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব মোশাররফ হোসেন ভূঁইয়াকে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd